দৈনিক ইনকিলাব

তারিখ FEB 16 1999
পৃঃ ৭ কলাম ৫

66

## মাধ্যমিক শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর নিয়ন্ত্রণে দেশের ৪৬৪টি থানায় মাধ্যমিক ছাত্রীদের উপবৃত্তি প্রকল্পে ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা হিসাবে 'থানা প্রকল্প কর্মকর্তা'গণ কাজ করছেন। ছাত্রী উপবৃত্তি ছাড়াও ডিজি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কর্তৃক জারিকৃত আদেশ বলে তারা মাধ্যমিক পর্যায়ের উচ্চ বিদ্যালয় ও মাদ্রাসাসমূহের 'একাডেমিক সুপারভিশন'সহ প্রতিষ্ঠানের একাডেমিক, প্রশাসনিক, আর্থিক এবং জরুরী গুরুত্বপূর্ণ সরকারী দায়িত্ব পালন করে থাকেন। মাধ্যমিক পর্যায়ে যেহেতু শিক্ষা অফিসার পদ এ যাবত সৃষ্টি করা হয়নি, বর্তমানে উপবৃত্তি অফিসারগণই অনেকটা 'থানা শিক্ষা অফিসারের' দায়-দায়িত্ব পালন করে থাকেন এবং প্রত্যেক থানায় তাদের অফিস ও কর্মচারী রয়েছে। অত্যন্ত দুঃখের বিষয় যে, মাধ্যমিক শিক্ষক নিয়োগে এখনো প্রাথমিক পর্যায়ের 'থানা শিক্ষা অফিসার'-কে সরকারী প্রতিনিধি হিসাবে গণ্য করা হচ্ছে অথচ 'থানা প্রজেক্ট অফিসার'গণই এ ক্ষেত্রে সরকারী এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আসল প্রতিনিধি। এ ব্যাপারে মৌখিকভাবে তাদেরকে নিয়োগ কমিটিতে থাকতে বলা হলেও (কোন কোন ক্ষেত্রে যদিও তারা থাকছেন) লিখিত কোন নির্দেশ এখনো জারি হয়নি। তাই প্রতিষ্ঠান প্রধানগণ দ্বিধা-দ্বন্দ্বে ভোগেন এবং তাদের মনে প্রশ্ন জাগে, মাধ্যমিক পর্যায়ের একজন কর্মকর্তা থাকতে প্রাথমিক পর্যায়ের কর্মকর্তা কেন তাদের নিয়োগ বোর্ডে প্রতিনিধিত্ব করবেন? এ ব্যাপারে-মাননীয় শিক্ষা সচিব এবং মাননীয় মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহোদয়ের সুদৃষ্টি আকর্ষণ করছি। এখনই 'থানা প্রজেক্ট অফিসার'দেরকে শিক্ষক নিয়োগ কমিটিতে 'সরকারী প্রতিনিধি' হিসাবে গণ্য করে পত্র প্রেরণ করা হোক এবং তাদেরকে 'থানা মাধ্যমিক শিক্ষা অফিসার' হিসাবে পরিপূর্ণভাবে দায়িত্ব প্রদান করা হোক।

—জিয়াহ বাঙালী, জনৈক শিক্ষক, মাধ্যমিক উচ্চ বিদ্যালয়